# আজ "ভারতের গুরুত্বপূর্ণ হ্রদ, জলাশয় ও খাল" থেকে 50 টি প্রশ্ন ও উত্তর pdf সহ আলোচনা করা হল -

1) হ্রদ বলতে কী বোঝো?
* Answer :-স্থলভাগ দ্বারা ঘেরা বড় আকারের জলাশয়কে হ্রদ বলে।

2) কত রকমের হ্রদ দেখা যায় ও কি কি?
* Answer :-1)মিষ্টি জলের হ্রদ, 2)লবণাক্ত জলের হ্রদ, 3)কৃত্রিম হ্রদ,4) উপহ্রদ অর্থাৎ লেগুন এবং  5)কয়াল।

3) মিষ্টি জলের হ্রদ বলতে কী বোঝো?
* Answer :-যে সমস্ত হ্রদের জল মিষ্টি অর্থাৎ লবণাক্ত নয়, তাদেরকে স্বাদু জলের হ্রদ বা মিষ্টি জলের হ্রদ বলা হয়।

4) ভারতের একটি বিখ্যাত স্বাদু জলের হ্রদের নাম কি?
*Answer :-জম্মু-কাশ্মীরের উলার হ্রদ।

5) ভারতের বৃহত্তম স্বাদু জলের হ্রদের নাম কী?
* Answer :-জম্মু-কাশ্মীরের ওলার্ঠি হ্রদ।

6) উত্তর-পূর্ব ভারতের বৃহত্তম হ্রদের নাম কী?
* Answer :-মনিপুর রাজ্যের লোকটাক হ্রদ।

7) ভারতের বৃহত্তম লবণাক্ত জলের হ্রদের নাম কী?
* Answer :-রাজস্থানের সম্বর হ্রদ।

8) দক্ষিণ ভারতের একটি বিখ্যাত হ্রদের নাম কী?
*Answer :-তামিলনাড়ু রাজ্যের কালিভেলি হ্রদ।

9) ভারতের উচ্চতম লবণাক্ত জলের হ্রদের নাম কী?
* Answer : -লাদাখের প্যাংগং হ্রদ।

10) প্যাংগং হ্রদদের উচ্চতা কত?
* Answer :- প্রায় 5430  মিটার।

11) ডাল  হ্রদ কোথায় অবস্থিত?
* Answer :-জম্মু-কাশ্মীরের রাজধানী শ্রীনগরে।

12) কাশ্মীরের রত্ন কাকে বলা হয়?
* Answer :-ডাল হ্রদকে।

13) ভারতের গভীরতম হ্রদের নাম কী?
* Answer :-কাশ্মীর উপত্যকার মানসবল হ্রদ।

14) রুপকুণ্ড হ্রদ কোথায় দেখা যায়?
* Answer :-উত্তরাখণ্ড রাজ্যে।

WWW.BENGALEDUCATIONGUIDE.COM

15) নৈনিতাল হ্রদ কোথায় দেখা যায়?
* Answer :-উত্তরাখণ্ডের কুমায়ুন হিমালয়ে।

16) কঙ্কাল হ্রদ কাকে বলা হয়?
* Answer :-রূপকুণ্ড হ্রদকে।

17) ভাসমান হ্রদ কাকে বলা হয়?
* Answer :-মনিপুরের লোকটাক হ্রদকে।

18) ভোজ হ্রদ কোথায় দেখা যায়?
* Answer :-মধ্যপ্রদেশের ভূপালে।

19) ভারতের দূষিত হ্রদ কাকে বলে?
* Answer :-ভোজ হ্রদকে।

20) পুষ্কর হ্রদ কোথায় দেখা যায়?
* Answer:-রাজস্থানে দেখা যায়।

21) ভারতের হ্রদের শহর কাকে বলা হয়?
* Answer :-রাজস্থানের উদয়পুরকে।

22) হ্রদের জেলা কাকে বলা হয়?
* Answer :-উত্তরাখণ্ডের নৈনিতাল জেলাকে।

23) কৃত্রিম হ্রদ বলতে কী বোঝো?
* Answer :-কৃত্রিম ভাবে মানুষের দ্বারা তৈরি হ্রদকে কৃত্রিম হ্রদ বলে।

24) ভারতের বৃহত্তম ও গভীরতম কৃত্রিম হ্রদের নাম কি?
* Answer :-গোবিন্দবল্লভ পান্ত সাগর, উত্তর প্রদেশে।

25) ওসমান সাগর কৃত্রিম হ্রদ কোথায় দেখা যায়?
* Answer :-তেলেঙ্গানা রাজ্যের হায়দ্রাবাদে।

26) তাওয়া কৃত্রিম হ্রদ কোথায় দেখা যায়?
* Answer :-মধ্যপ্রদেশে ।

27) ভারতের বৃহত্তম জলাধারের নাম কী?
* Answer :-মধ্যপ্রদেশের ইন্দিরা সাগর।

28) ভারতের বৃহত্তম লবণাক্ত জলের উপহ্রদের নাম কী?
* Answer :-উড়িষ্যা রাজ্যের চিল্কা হ্রদ।

29) ভারতের বৃহত্তম মিষ্টি জলের উপহ্রদের নাম কী?
* Answer :-কোলেরু হ্রদ।

30) পুলিকট হ্রদ কোথায় দেখা যায়?
* Answer :-তামিলনাড়ু রাজ্যের করমন্ডল উপকূলে।



WWW.BENGALEDUCATIONGUIDE.COM

31) ভারতের বৃহত্তম কয়ালের নাম কী?
* Answer :- কেরল রাজ্যের ভেম্বানাদ।

32) ভারতের কোন হ্রদে সব থেকে বেশি মাছ ধরা হয়?
* Answer :-উড়িষ্যার চিল্কা হ্রদে।

33) সিঞ্জল হ্রদ কোথায় দেখা যায়?
* Answer :-পশ্চিমবঙ্গের দার্জিলিং-এ।

34) প্রাকৃতিক জলাশয় বলতে কি বোঝো?
* Answer :-নিচু স্থানে জল জমে যে জলাশয় সৃষ্টি হয়,তাকে প্রাকৃতিক জলাশয় বলে।

35) খাল বলতে কী বোঝো?
* Answer :-মানুষের প্রয়োজনে কৃত্রিমভাবে যে বিশাল জল প্রবাহ ধারা তৈরি করা হয়, তাকে খাল বলে।

36) খাল প্রকার ও কী কী?
* Answer :-দুই প্রকার - নিত্যবহ খাল ও অনিত্যবহ বা প্লাবন খাল।

37) নিত্যবহ খাল কাকে বলে?
* Answer :- যে খালের মাধ্যমে সারা বছর জলপ্রবাহিত হয় এবং সেচকাজ করা হয়, তাকে নিত্যবহ খাল বলে।

38) ভারতের দীর্ঘতম খালের নাম কী?
* Answer :-রাজস্থানের ইন্দিরা খাল।

39) আগ্রা খাল কোথায় দেখা যায়?
* Answer :-উত্তর প্রদেশে।

40) হরিয়ানা রাজ্যে একটি খালের নাম কি?
* Answer :-গুরগাঁও খাল।

41) কোশি খাল কোথায় দেখা যায়?
* Answer :-বিহারে।

42) ভকরা খাল কোথায় দেখা যায়?
*Answer :-পাঞ্জাবের শতদ্রু নদীর উপরে।

43) প্লাবন খাল বলতে কী বোঝো?
* Answer :-যে খাল শুধুমাত্র বর্ষার জলেই পুষ্ট হয় এবং অতিরিক্ত জল প্রবাহিত হয়, তাতে প্লাবনে খাল বলে।

44) কুনুল-কুডাপ্পা খাল কোথায় দেখা যায়?
* Answer :-অন্ধ্রপ্রদেশ রাজ্যে।

45) মেত্তুর খাল কোথায় দেখা যায়?
* Answer :-তামিলনাড়ু রাজ্যে।

46) ভারতের প্রাচীনতম খালের নাম কী?
* Answer :-তামিলনাড়ু রাজ্যের কাবেরী নদীতে "গ্রান্ড অ্যানিকট খাল"।



WWW.BENGALEDUCATIONGUIDE.COM

**47)খাল ও জলাশয়ের প্রধান গুরুত্ব কী কী?**
*** Answer :- জলসেচ ,বন্যা নিয়ন্ত্রণ, মৃত্তিকার উর্বরতা বৃদ্ধি ,ভৌমজলের সমৃদ্ধি, জীব বৈচিত্র্য সংরক্ষণ, মাছ চাষ প্রকৃতি।**

**48) হ্রদের প্রধান গুরুত্ব গুলি কী কী?**
*** Answer :- মৎস্য চাষ, বন্যা নিয়ন্ত্রণ, পর্যটক ও বিনোদন, জলের উৎস, বাস্তুতন্ত্র রক্ষা প্রভৃতি।**

**49) পশ্চিমবঙ্গে কয়টি জলাশয় রয়েছে?**
*** Answer :- প্রায় 54 টি।**

**50) রানাপ্রতাপ সাগর কৃত্রিম হ্রদ কোথায় অবস্থিত?**
*** Answer :-রাজস্থানে।**

**এই পাঠের 50 টি প্রশ্ন ও উত্তরের *ভিডিও(VIDEO)* নিচে দেওয়া হল -**

**আজ কয়েকটি বাছাই করে কিছু প্রশ্ন ও উত্তর নিয়ে আলোচনা করা হয়েছে। পরবর্তী সময়ে অন্য বিষয়ে বিস্তারিত আলোচনা করা হবে। প্রশ্ন ও উত্তর গুলি কেমন হয়েছে তা কমেন্টে বা মেল করে জানাবেন। এই প্রকার আরো অনেক প্রশ্ন ও উত্তর পাওয়ার জন্য ওয়েবসাইটে ভিজিট করুন। Thank you, Visit Again .বেঙ্গল এডুকেশন গাইড .**

**সমস্ত বিষয়ের বিভিন্ন অধ্যায় থেকে 50 টি প্রশ্ন ও উত্তর নিয়ে ধারাবাহিক আলোচনা করা হচ্ছে। সর্ব ভারতীয় ও রাজ্য স্তরের বিগত বছরে যে সমস্ত প্রশ্ন বিভিন্ন পরীক্ষায় (All Examination) এসেছে তার দিকে নজর রেখে এই প্রশ্ন ও উত্তর সেট তৈরী করা হয়েছে।**

**প্রিয় - পাঠক বন্ধু /ছাত্র-ছাত্রী/শিক্ষার্থী,**
**এই অধ্যায়ের 50 টি প্রশ্ন ও উত্তর নিয়ে দুটি পর্বে ( 25+25 ) ONLINE EXAM TEST প্রস্তুত করা হয়েছে।**
**সুতরাং , আপনি সময় নিয়ে এই অধ্যায়ের '50 টি প্রশ্ন ও উত্তর' নিখুঁত ভাবে যত্নসহকারে পড়ার পর ONLINE EXAM TEST দিন। ধন্যবাদ।**

- **বেঙ্গল এডুকেশন গাইডের নিজস্ব ইউটিউব চ্যানেল - *BENGAL EDUCATION GUIDE***

WWW.BENGALEDUCATIONGUIDE.COM